"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

<u>সেপ্টেম্বর/২০১৮মাসে অনুষ্ঠিতউপজেলাপরিষদের সাধারণ সভারকার্যবিবরণী (৬০তমসভা)</u>

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ২৪/০৯/২০১৮ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা।

<u>(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে)</u>

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অত:পর সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এতে কোন রূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান।বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/সার্কুলার | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১১২২, তারিখ: ১৯ আগস্ট, ২০১৮ পত্র খানা সভায় উপস্থাপন করেন। পত্রদৃষ্টে দেখাযায় উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করে "উন্নয়ন মেলা" আয়োজন এবং উক্ত মেলা আয়োজনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বিদ্যমান বিধিবিধান অনুসরণ করে ব্যয়ের প্রশাসনিক অনুমতি প্রদান করা হয়েছে। উপস্থাপিত পত্রের নির্দেশনার আলোকে অত্র উপজেলায় "উন্নয়ন মেলা" আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>(খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৮(অং-৬)-১০০৫, তারিখ: ২৭/০৮/২০১৮ পত্র খানা সভায় উপস্থাপন করেন। পত্রদৃষ্টে দেখাযায় চলতি ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি'র) আওতায় "উপজেলা উন্নয়ন সহায়তা" (কোড ২২১০০০৪০০) খাতে 'সামাজিক প্রতিষ্ঠান' (কবরস্থান/শ্মশান/মসজিদ/মন্দির উন্নয়ন) উপখাতে অর্থের সংস্থান রাখা হয়েছে প্রতিটি উপজেলা পরিষদ হতে সর্বোচ্চ ২০.০০(বিশ) লক্ষ টাকা। প্রতিটি প্রকল্পের প্রাক্কলিত মূল্য ২.০০(দুই লক্ষ) টাকার মধ্যে সীমিত রাখতে হবে এবং প্রতিষ্টানের পূর্ণাঙ্গ ঠিকানা, ব্যবস্থাপনা কমিটি, ব্যাংক হিসাব এবং সম্পত্তিটি ওয়াকফ/দানকৃত কি-না তার তথ্যাদিসহ প্রস্তাবিত কাজের পৃথক পৃথক প্রাক্কলন প্রণয়ন এবং উপজেলা পরিষদ সভায় অনুমোদনপূর্বক প্রাক্কলনে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর স্বাক্ষরসহ প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। নির্দেশনার আলোকে অত্র উপজেলার 'সামাজিক প্রতিষ্ঠান' (কবরস্থান/শ্মশান/মসজিদ/মন্দির) উন্নয়নের জন্য পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যা সভায় অনুমোদনের জন্য অনুরোধ জানানা। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১১২২, তারিখ: ১৯ আগস্ট, ২০১৮ পত্রের আলোকে আগামী- ৪,৫ ও ৬ অক্টোবর, ২০১৮ তারিখে সরাদেশের ন্যায় অত্র উপজেলায় "উন্নয়ন মেলা" আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।<br><br>(খ) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৮(অং-৬)-১০০৫, তারিখ: ২৭/০৮/২০১৮ পত্রের আলোকে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি'র) আওতায় "উপজেলা উন্নয়ন সহায়তা" (কোড ২২১০০০৪০০) খাতে 'সামাজিক প্রতিষ্ঠান' (কবরস্থান/শ্মশান/মসজিদ/মন্দির উন্নয়ন) উন্নয়নের জন্য উপস্থাপিত প্রাক্কলন সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোন করা হয়। অনুমোদিত প্রকল্প তালিকা পরিশিষ্ট 'গ'। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

<table>
<tr>
<td>(৩) উপজেলা পরিষদের প্রকল্প গ্রহণ ও বাছাই কমিটির প্রতিবেদন পর্যালোচনা</td>
<td>উপজেলা প্রকৌশলী, দিরাই উপজেলা প্রকল্প বাছাই কমিটির ১০/০৯/২০১৮ তারিখের সভার কার্যবিবরণী সহ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। প্রতিবেদনে ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি), উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায়-১,৩১,০০,০০০/- (এক কুটি একত্রিশ লক্ষ) টাকারপ্রকল্প এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায়-৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকার প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়। দাখিলকৃত প্রতিবেদন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তক প্রস্তাবিত/সুপারিশকৃত ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রাপ্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি), উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)র আওতায় প্রস্তাবিত সকল প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রকল্প তালিকা পরিশিষ্ট ‘ঘ’।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/<br>উপজেলা প্রকৌশলী, দিরাই।</td>
</tr>
<tr>
<td>(৪) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা</td>
<td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত আগস্ট/১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ:
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>সাব-রেজিষ্টার হতে ১%</td><td>২,৯১,৫৩০/১০</td><td>১.</td><td>চেয়ারম্যানত্রয়ের আগস্ট/১৮ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া</td><td>৯৯,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা পরিষদ গণ মিলনায়তন ভাড়া বাবদ প্রাপ্ত</td><td>৩,০০০/-</td><td>২.</td><td>অফিস সহায়কদ্বয়ের ও মালি/সুইপারের আগস্ট/১৮ মাসের বেতন</td><td>১৯,২২০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৩.</td><td>উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের জুলাই/১৮ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান</td><td>১৫১২/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৪.</td><td>উপজেলা পরিষদের জুলাই/১৮ মাসের সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ও আনুষাঙ্গিক ব্যয়ের বিল প্রদান</td><td>২৪,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৫.</td><td>জনাব হাবিবুর রহমান, অফিস সহকারি, ইউএনও অফিস, দিরাই কে ১৫ই আগস্ট জাতীয় শোক দিবসের ব্যয় বিল প্রদান</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৬.</td><td>জনাব মোঃ ফখরুল আমিন চৌধুরী, সাঁট-মুদ্রাক্ষরিক কে উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটার টুনার ক্রয়ের বিল প্রদান</td><td>২,৫০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৭.</td><td>জনাব মোঃ ইফতেখার হোসেন, উপজেলা প্রকৌশলী, দিরাই কে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের পানির পাম্প</td><td>১২,৫০০/-</td></tr>
</table>
</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | স্থাপন কাজের বিল প্রদান | |
| | | | ৮. | জনাব মোঃ আব্দুর রব, কার্যসহকারি, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, দিরাইকে পরিষদেরর রক্তকরবী ভবনে ০৩টি সিলিং ফ্যান স্থাপন কাজের বিল প্রদান | ৯,৮৭৩/- |
| মোট আয় | | ২,৯৪,৫৩০/১০ | মোট ব্যয় | | ১,৪৩,৬০৫/- |
| সর্ব মোট আয় = | | ২,৯৪,৫৩০/১০ | সর্ব মোট ব্যয় = | | ১,৪৩,৬০৫/- |
| সমাপনী স্থিতি= ২,৫৪,৭১৩/- | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত আগস্ট/১৮ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| (৫) বিবিধ | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান অত্র উপজেলার ১৭টি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি সকল কমিটির সভাপতি ও সদস্য সচিবকে নিয়মিত সভা করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ**অত্র উপজেলার ১৭টি কমিটির সভা নিয়মিত বিধি মোতাবেক করার জন্য সভাপতি ও সদস্য সচিবকে সভায় অনুরোধ জানান। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি (সকল) |
| | (খ) উপজেলা প্রকৌশলী(এলজিইডি), দিরাই সভায়জানান উপজেলা পরিষদের মালিকানাধীন সেমিপাকা ভবনের পশ্চিম পার্শ্বে বসবাসকারি জনাব মোঃ নূর ইসলাম, দপ্তরি, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দিরাই এর বাসাটির দরজা-জানালা ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে উক্ত ভবনে দরজা-জানালা মেরামত করা প্রয়োজন,এ কাজে সর্বমোট ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত টাকা অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ**উপজেলা পরিষদের মালিকানাধীন সেমিপাকা ভবনের পশ্চিম পার্শ্বের দরজা-জানালা মেরামত কাজের সর্বমোট ২৫,০০০/- (পচিশ হাজার)টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায়জানান উপজেলা পরিষদের মালিকানাধীন সেমিপাকা ভবনে অবস্থিত উপজেলা হিসাব রক্ষন অফিসাটির অবস্থা খুবই জড়াজির্ণ। উপজেলা হিসাব রক্ষন অফিসটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন বলে সভায় জানান। উক্ত অফিস মেরামত করার জন্য তিনি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ধরে একটি প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ**উপজেলা পরিষদের মালিকানাধীন সেমিপাকা ভবনে অবস্থিত উপজেলা হিসাব রক্ষন অফিসাটি জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উপস্থাপিত প্রাক্কলন ও প্রাক্কলিত মূল্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায়জানান উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের অবস্থা খুবই জড়াজির্ণ তাই জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন বলে সভায় জানান। উক্ত ভবনটি মেরামত করার জন্য তিনি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ধরে একটি প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ**উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উপস্থাপিত প্রাক্কলন ও প্রাক্কলিত মূল্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) চেয়ারম্যান, চরনারচর ইউ/পি সভায় জানান তার ইউনিয়ন পরিষদে অবস্থিত শ্যামারচর বাজারের ফিস সেড ও গলির অবস্থা খুবই নাজুক। তা হাট-বাজার ব্যবস্থাপনা তহবিল হতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টিআকর্ষণ করেন। তিনি আরও জানান তার দিরাই উপজেলার মধ্যে একমাত্র মহিলা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ |

| | | |
|---|---|---|
| | মার্কেট তার ইউনিয়নে অবস্থিতিত। কিন্তু দুঃক্ষের বিষয় মার্কেটটি এখনও চালু করা হয়নি; তাই দ্রুত মহিলা মার্কেটটি উদ্ভোধন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিষয়দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে যে সকল বাজারে সমস্যা রয়েছে তা চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা গ্রহণে করা এবং মহিলা মার্কেটটি দ্রুততার সাথে উদ্ধোধন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী দিরাই। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ হাফিজুর রহমান তালুকদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

স্মারক নং- ০৫.৪৬.৯০২৯.০০০.১০.০০১.১১- ৭৬ তারিখ ঃ ২৪/০৯/২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। ড. জয়া সেনগুপ্তা, মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, সুনামগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৭। মেয়র, দিরাই পৌরসভা।
০৮। উপজেলা ----------------------------------------------------------------- অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান----------------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

স্বাক্ষরিত/-
(শরিফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার

| পরিশিষ্ট “ক” | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১।জনাব মোঃ হাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। বেগম ছবি চৌধুরী, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ । |

| | |
|---|---|
| ০৩। জনাব গোলাপ মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউপি, দিরাই।<br>০৫।চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>০৮।চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>০৯। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>১০। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০৪। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা যুবউন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>১০।উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ। |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা |
| ০১। মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৩। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা পঃপঃ কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬।ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই। |